APR 02 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৭ ...

দৈনিক ইনকিলাব

# জাতীয় শিক্ষা নীতি বাস্তবায়ন সেল গঠিত

বাসস ঃ জাতীয় শিক্ষা নীতি ২০০০ বাস্তবায়ন প্রক্রিয়া শুরু করার জন্য প্রয়োজনীয় পরামর্শ ও দিকনির্দেশনার্থে শিক্ষা সচিব ডঃ সা'দত হুসাইনকে সভাপতি করে ২০ সদস্যের একটি সেল গঠিত হয়েছে। জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমীর মহাপরিচালক এর সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। ডঃ সা'দত হুসাইনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সেলের সভায় জাতীয় পর্যায়ের বাজেট, পরিকল্পনা দলিল, কনসোর্টিয়াম সভা এবং স্মারক পুস্তিকা ইত্যাদিতে যেন শিক্ষা নীতির যথাযথ প্রতিফলন ঘটে, তজ্জন্য বিভিন্ন কর্তৃপক্ষের বরাবরে একটি সংক্ষেপ প্রণয়ন করে পাঠানোর সিদ্ধান্ত হয়। সভায় মত প্রকাশ করা হয় যে, পরিকল্পনা প্রণয়ন ও অর্থায়নে এখন থেকে শিক্ষা নীতির বিভিন্ন দিকের প্রতিফলনের প্রতি গুরুত্ব দেয়া হবে।